

জাতীয়

ছয়দিন বিরতি শেষে আজ আবারও শুরু হচ্ছে সংসদ অধিবেশন



প্রতিবেদক: Dhaka Probe

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



টানা ছয়দিন বিরতির পর আজ মঙ্গলবার আবারও বসছে জাতীয় সংসদের মূলতবি অধিবেশন। বিকেল ৩টায় স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে অধিবেশন শুরু হবে।

চলতি অধিবেশনে এরই মধ্যে ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেট, অর্থ বিল এবং কয়েকটি গুরুত্বপূর্ণ বিল পাস হয়েছে। গত ৩০ জুন বাজেট পাসের পর অধিবেশন মূলতবি করা হয়।

১১ জুন বাজেট উপস্থাপনের পর সরকার ও বিরোধী দলের সদস্যরা বাজেট নিয়ে দীর্ঘ আলোচনা করেন। এ সময় অর্থনীতি, মূল্যস্ফীতি, কর্মসংস্থান, নির্বাচন এবং আইন-শৃঙ্খলাসহ বিভিন্ন জাতীয় ইস্যুতে বক্তব্য রাখেন তারা।

সংসদ সচিবালয় সূত্রে জানা গেছে, আজকের কার্যসূচিতে পাঁচটি মন্ত্রণালয়ের প্রশ্নোত্তর পর্ব রয়েছে। এগুলো হলো পানিসম্পদ মন্ত্রণালয়,

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়।

এ ছাড়া কার্যপ্রণালী বিধির ৭১ বিধিতে জরুরি জন-গুরুত্বপূর্ণ বিষয়ে আনা দুটি নোটিশের ওপর আলোচনা হবে। একটি নোটিশে চামড়া ও চামড়াজাত পণ্যের রপ্তানি, কাঁচা চামড়ার ন্যায্যমূল্য এবং রপ্তানি সক্ষমতা বৃদ্ধির বিষয়টি রয়েছে। অন্যটিতে ভূমিহীন ও দরিদ্র মানুষের মধ্যে খাসজমি বন্দোবস্ত দেওয়ার বিষয়টি আলোচনায় আসবে।

দিনের কার্যসূচিতে বাংলাদেশ মেট্রোকল বিশ্ববিদ্যালয় (দ্বিতীয় সংশোধন) বিল, ২০২৬-এর বিশেষ কমিটির প্রতিবেদন উপস্থাপন এবং আইন প্রণয়ন কার্যক্রমও রয়েছে।

সংসদ সচিবালয় জানিয়েছে, চলতি অধিবেশনেই বাকি স্থায়ী কমিটিগুলো গঠনের কাজ শেষ হতে পারে। কার্যউপদেষ্টা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৯ জুলাই পর্যন্ত অধিবেশন চলার কথা রয়েছে। তবে প্রয়োজন হলে এর মেয়াদ আরও বাড়ানো হতে পারে।

এ বিভাগের আরও খবর



আগুন ও যান্ত্রিক ত্রুটিতে বড়পুকুরিয়ার দুই ইউনিট বন্ধ
দিনাজপুরের বড়পুকুরিয়া কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্রের ঢালু থাকা ১ ও ৩ নম্বর ইউনিট বন্ধ হয়ে গেছে। অগ্নিকাণ্ড ও যান্ত্রিক ত্রুটির কারণে ইউনিট...



ঢাকায় বৃষ্টির আভাস নেই, বাড়তে পারে তাপমাত্রা
রাজধানী ঢাকা ও আশপাশের এলাকায় বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা নেই। তবে আবহাওয়া অস্থায়ীভাবে আংশিক মেঘলা থাকতে পারে। একই সঙ্গে আবহাওয়া প্রধানত শুষ্ক থাকত...



শিত্তদের শৈশব হতে হবে নিরাপদ ও সুরক্ষিত: ডা. জুবাইদা রহমান
জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস চেয়ারম্যান ডা. জুবাইদা রহমান বলেছেন, শিত্তদের শৈশব হতে হবে নিরাপদ।
তাদের ভবিষ্যৎ হতে হবে সুরক্ষিত। তবেই ন...



বাংলাদেশে গাড়ি উৎপাদন কারখানা স্থাপন করতে চায় টয়োটা
টয়োটা ভূশো করপোরেশনের ভাইস চেয়ারম্যান ইচিরো কাশিতানির নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল প্রধানমন্ত্রী তারেক
রহমানের সঙ্গে পৌজনা সাক...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/chhydin-birti-sheshe-aj-abaro-shuru-hchchhe-sngsd-odhibeshn>